# Times Today BD

ডেস্ক রিপোর্ট | আন্তর্জাতিক | 29 March, 2025

অনলাইনে ব্লাসফেমি বা ধর্ম অবমাননা সম্পর্কিত কন্টেন্ট পোস্ট করার অভিযোগে পাঁচজনকে মৃত্যুদণ্ড দিয়েছেন পাকিস্তানের একটি আদালত । একজন প্রসিকিউশন আইনজীবী বুধবার এএফপিকে এ তথ্য জানিয়েছেন।

এবারের মামলাটি আদালতে নেওয়া বেসরকারি সংগঠন লিগ্যাল কমিশন অন ব্লাসফেমি পাকিস্তানের আইনজীবী রাও আবদুর রহিম বলেন, ‘পবিত্র নবীর (সা.) বিরুদ্ধে ধর্ম অবমাননাকর বিষয়বস্তু ছড়ানোর অভিযোগে পাঁচজন অভিযুক্তকে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে।এ ছাড়া কুরআন অবমাননার অভিযোগে তাদের সবাইকে যাবজ্জীবন কারাদণ্ড এবং ধর্মীয় অনুভূতিতে আঘাত দেওয়ার অভিযোগে ১০ বছর করে কারাদণ্ড দেওয়া হয়েছে।

’মৃত্যুদণ্ডপ্রাপ্ত পাঁচজনের মধ্যে একজন আফগান ও চারজন পাকিস্তানি নাগরিক।তাদের মঙ্গলবার রাওয়ালপিন্ডির একটি আদালতে দণ্ড দেওয়া হয়।রাওয়ালপিন্ডি পাকিস্তানের সেনা সদর দপ্তর থাকা শহর এবং রাজধানী ইসলামাবাদের পাশেই অবস্থিত।

আইনজীবী রহিম আরো বলেন, দণ্ডগুলো একই সঙ্গে কার্যকর হবে।তবে দণ্ডপ্রাপ্তদের উচ্চ আদালতে আপিল করার অধিকার রয়েছে।

এএফপি বলছে, দেশটিতে সাম্প্রতিক সময়ে এমন মামলার সংখ্যা উল্লেখযোগ্যভাবে বেড়েছে।গত কয়েক বছরে পাকিস্তানে বেসরকারি সংগঠনগুলো শত শত তরুণের বিরুদ্ধে অনলাইনে ধর্ম অবমাননার অভিযোগে মামলা করেছে।

মুসলিমপ্রধান পাকিস্তানে ধর্ম অবমাননার অভিযোগ অত্যন্ত সংবেদনশীল বিষয়। এমনকি কোনো অভিযোগ প্রমাণিত না হলেও তা জনসাধারণের মধ্যে ক্ষোভের সৃষ্টি করতে পারে এবং অনেক ক্ষেত্রে গণপিটুনিতে হত্যার ঘটনাও ঘটেছে।

ধর্ম অবমাননা পাকিস্তান মৃত্যুদণ্ড

আইনজীবী মৃত্যুদণ্ড আইনজীবী ,অনলাইন যাবজ্জীবন কারাদণ্ড

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:25

URL: https://www.timestodaybd.com/public/international/627065168